

ভর্তি

শাহজালাল বিশ্ববিদ্যালয়ে দুই হাজার শিক্ষার্থীকে নিয়ে ইংরেজি শেখার প্রশিক্ষণ

প্রতিনিধি শাহজালাল বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ০১ মার্চ ২০২৫, ১৯: ০২



সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শ্রেণির প্রায় দুই হাজার শিক্ষার্থীর অংশগ্রহণে ইংরেজি শেখার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তন, শাবিপ্রবি, ১ মার্চ ছবি: প্রথম আলো

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শ্রেণির প্রায় দুই হাজার শিক্ষার্থীর অংশগ্রহণে ইংরেজি শেখার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০টা থেকে দিনব্যাপী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে এ কর্মসূচি চলে। প্রশিক্ষণ কর্মসূচির আয়োজক হিসেবে ছিলেন সিলেটের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজপড়ুয়া শিক্ষার্থীদের সংগঠন 'ইংলিশ স্কলার্স হান্ট'।

আয়োজকেরা জানান, সকাল ১০টায় অনুষ্ঠানের উদ্বোধনী পর্ব অনুষ্ঠিত হয়। এতে অতিথি হিসেবে বক্তব্য দেবেন ইংলিশ স্কলার্স হান্টের প্রধান উপদেষ্টা অধ্যাপক মো. শহিদুল ইসলাম, উপদেষ্টা অধ্যাপক জহির বিন আলম প্রমুখ।

আয়োজকেরা বলেন, দিনব্যাপী এই প্রশিক্ষণে পাঁচটি পর্ব ছিল। এর মধ্যে লিসেনিং ও পাবলিক স্পিকিং সেশন পরিচালনা করেন মেট্রোপলিটন ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক মো. জিয়াউর রহমান টিটু, রিডিং সেশন নেন শাবিপ্রবির ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মাহবুবা রহমান, স্পিকিং স্কিলস সেশন নেন সিলেটের আর্মি ইনস্টিটিউট অব বিজনেসের প্রভাষক মো. উদয় রহমান, ইংরেজি ব্যাকরণের সেশন পরিচালনা করেন ইংলিশ স্কলার্স হান্টের প্রতিষ্ঠাতা নাবিলা মেহেজাবীন ও রাইটিং সেশন পরিচালনা করেন স্কাইলার্ক ইন্টারন্যাশনালের প্রতিষ্ঠাতা তাহিয়া তালবিয়া মিম।

দিনব্যাপী পাঁচটি সেশনে ইংরেজি শেখার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে *ছবি: প্রথম আলো*

স্কলার্স হান্টের প্রতিষ্ঠাতা নাবিলা মেহেজাবীন বলেন, প্রশিক্ষণ কর্মসূচিতে সিলেটের অন্তত ৬০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছে। মূলত শিক্ষার্থীদের মধ্যে ইংরেজি শেখার ভীতি দূর করাই এই

কর্মসূচির অন্যতম লক্ষ্য। ৮ মার্চ প্রশিক্ষণ কর্মসূচির নানান বিষয় নিয়ে একটি প্রতিযোগিতামূলক পরীক্ষা অনুষ্ঠিত হবে। এতে বিজয়ীদের পুরস্কৃত করা হবে।

